

## ‘গণবিজ্ঞপ্তি’

### মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপ-ধারা (১) অনুযায়ী কোনো কার্যধারায় কোনো করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা লাইসেন্সধারী মূসক পরামর্শকগণের মধ্য হতে যে কোনো ব্যক্তিকে নিয়োগের বিধান রয়েছে। মূসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী ব্যক্তিকে প্রয়োজনীয় দলিলাদি ও সনদসহ ফরম “মূসক-১৮.১” এ ৩১ ডিসেম্বর ২০২২ তারিখের মধ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯, ১১০ ও ১১১ এবং মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্ত মেনে [www.vat.gov.bd](http://www.vat.gov.bd) ওয়েবসাইটে অনলাইনে আবেদন করে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ সকল দলিলাদি মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চট্টগ্রাম এর নিকট ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(২) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-

(ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) আবেদনের তারিখে বয়স অন্যান্য ২৫ (পঁচিশ) বৎসর হতে হবে;

(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে।

(৩) নিম্নবর্ণিত যে কোনো ব্যক্তি মূসক পরামর্শক লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথা:-

(ক) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত, চাকুরি হতে অপসারিত, বরখাস্তকৃত কোনো ব্যক্তি;

(খ) ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত ব্যক্তি, যার সাজা ভোগ শেষ হওয়ার পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হয়নি; এবং

(কোন অপরাধের কারণে এরপূর্বে যার মূসক পরামর্শক, মূসক এজেন্ট ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স বা আয়কর পরামর্শকের লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোনো ব্যক্তি।

(৪) মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ

(ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;

(গ) শিক্ষাগত যোগ্যতা বা প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং

(ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চট্টগ্রাম এর অনুকূলে আবেদন ফি হিসেবে ৫ (পাঁচ) হাজার টাকা মূল্যমানের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট।

(৫) নির্ধারিত পদ্ধতি ও শর্তে, মূসক বিভাগে জাতীয় বেতন স্কেলের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণকে তাদের পঠিত সিলেবাসে মূল্য সংযোজন কর বিষয়ক কোর্স অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদনপত্র সঠিক প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্স প্রদান করা যেতে পারে।

(৬) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের তালিকা ও পরীক্ষার সময়সূচী একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করবেন এবং সুবিধাজনক সময়ে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।

(৭) নির্ধারিত শর্ত পূরণ করা হয়নি, এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

